

আ আপনার জন্য

ন নিউজ

ক্রিকেট

ফুটবল

ডেইলি শেয়ার

বিনোদন

ক্রাইম

যাত্রা



TV9 Bangla ✓



## Jahar Sarkar: 'কেউ খারাপ কাজ করেছে বলেই খারাপ সময় এসেছে', ইস্তফা দিয়েও বিস্ফোরক জহর

17hr · 1 shares



নয়া দিল্লি: সাংসদ পদ ছাড়ার কথা আগেই ঘোষণা করেছিলেন জহর সরকার। আজ, বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে সেই পদ ছাড়লেন তিনি। পদত্যাগপত্র জমা দিতে এদিন পার্লামেন্টে যান জহর সরকার। আরজি কর কাণ্ডের আবহেই রাজ্যসভার সাংসদ পদ থেকে ইস্তফা দেওয়ার ইচ্ছা প্রকাশ করেন জহর সরকার। ঘোষণা করেন, রাজনীতিও ছাড়ছেন তিনি। পরে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাঁকে ফোন করে অনুরোধ করলেও, তাতে সাড়া দেননি জহর সরকার। এদিন ইস্তফা দেওয়ার পর ফের রাজ্য সরকারের বিরুদ্ধে সরব হন জহর সরকার।

অনেকেই বলছেন 'খারাপ সময়ে' দলের সঙ্গ ছাড়ছেন জহর সরকার। যাঁরা বলছেন, তাঁদের খারাপ কাজটা দেখার কথা বললেন প্রাক্তন সাংসদ। খারাপ সময় এল কেন, সেই প্রশ্নও তুলেছেন। তিনি বলেন, "যাঁরা খারাপ খারাপ বলছে, তাঁরা খারাপ কাজটাও তো দেখবেন! তাঁদের কাছে আমি জানতে চাইছি, এই খারাপ সময়টা হল কীভাবে? খারাপ সময়ের থেকে বেরনোর রাস্তা কী? নিশ্চয় কেউ খারাপ কাজ করেছেন, তার জন্যই এই খারাপ সময় এসেছে।"

আরজি কর নিয়ে যে আন্দোলন জারি আছে, তাতে আরও আগে আলোচনা হওয়া উচিত ছিল বলে মনে করেন জহর সরকার। বৃহস্পতিবার জুনিয়র ডাক্তারদের সঙ্গে বৈঠকে বসছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই প্রসঙ্গে জহর সরকার বলেন, "এই আলোচনা ২০ দিন আগে শুরু হওয়া উচিত ছিল। সব কিছু রাজনীতিকের উপর ছেড়ে দিলে হয় না। প্রশাসনের একটা ভূমিকা থাকে। তারা এগোল না কেন?" প্রাক্তন সাংসদের

আরও হ্যাশট্যাগ (3) &gt;

